

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৩৪

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মোজার উপর মাসেহ করার অনুমতি দিয়েছেন সূরা আল মায়েদায় মহান আল্লাহ যে পা ধৌত করার নির্দেশ দিয়েছেন, তার আগে- উক্ত কথার অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن إِبَاحَةَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَسْحَ عَلَى الْخُفَّيْنِ كَانَ ذَلِكَ قَبْلَ أَمْرِ اللَّهِ جَلَّ وَعَلَا بِغَسْلِ الرَّجُلَيْنِ فِي سُورَةِ الْمَائِدَةِ

আরবী

1334 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ قَالَ: حَدَّثَنَا فَيَّاضُ بْنُ زُهَيْرٍ قَالَ: حَدَّثَنَا فَيَّاضُ بْنُ زُهَيْرٍ قَالَ: حَدَّثَنَا فَيَّاضُ بْنُ زُهَيْرٍ قَالَ: مَالَ جَرِيرُ بْنُ عَبْدِ اللَّهِ ثُمَّ وَكِيعٌ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ هَمَّامِ بْنِ الْحَارِثِ قَالَ: بَالَ جَرِيرُ بْنُ عَبْدِ اللَّهِ ثُمَّ تَوَضَيًّا وَمَسَحَ عَلَى خُفَيْهِ فَقِيلَ لَهُ: أَتَفْعَلُ هَذَا؟ فَقَالَ: وَمَا يَمْنَعُنِي وَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْعَلُهُ؟ قَالَ إِبْرَاهِيمُ: فَكَانَ يُعجبهم حَديثُ جَرِيرٍ لأن إسلامه كان بعد نزول المائدة.

الراوي: هَمَّام بْن الْحَارِثِ عَنْ جَرِيرِ بْنِ عَبْدِ اللَّهِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1334 اخلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩৩৪. হাম্মাম বিন হারিস বলেন, জারীর বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু পেশাব করে তারপর ওয়ু করেছেন এবং মোজার উপর মাসেহ করেছেন। অতঃপর তাকে বলা হলো, "আপনি এরকম করেন?" জবাবে তিনি বলেন, "এরকম করতে আমাকে কিসে বাধা দিবে অথচ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এরকম করতে দেখেছি।"

ইবরাহিম রহিমাহুল্লাহ বলেন, ''জারীর বিন আব্দুল্লাহ রাদ্য়াল্লাহু আনহুর হাদীসটি লোকদের কাছে খুবই চমকপ্রদ ছিল। কেননা তাঁর ইসলাম গ্রহণ সূরা আল মায়িদা অবতীর্ণ হওয়ার পর হয়েছিল।" [1]



ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৫৭; হুমাইদী: ৭৯৭; আত তায়ালিসী: ১/৫৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৭৬; মুসনাদ আহমাদ: ৪/৩৫৮; সহীহ আল বুখারী: ৩৮৭; সহীহ মুসলিম: ২৭২; নাসাঈ: ১/৮১; তিরমিযী: ৯৩; ইবনু মাজাহ: ৫৪৩; আবু আওয়ানা: ১/২৫৪; দারাকুতনী: ১/১৯৩; তাবারানী আল কাবীর: ২৪৩১; আবু দাউদ: ১৪৫; সুনান বাইহাকী: ১/২৭০; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/৯৯/১৩৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হাম্মাম ইবনু হারিস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন